



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ ডিসেম্বর ২০২২খ্রিঃ

যথাযোগ্য মর্যাদায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২। জাতির এ সূর্যসন্তানদের আত্মত্যাগকে স্মরণীয় করে সকাল ৯.৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় শোক র্যালি। র্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শ্রদ্ধা নিবেদনে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, বিভিন্ন বিভাগ, ববিত্তে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকারসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। দিবসটির তাৎপর্য তুলে ধরতে সকাল ১১:০০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কীর্তনখোলা হলে এক আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, বুদ্ধিজীবীদের হত্যা ছিলো একটি হিংস্র হীন রাজনৈতিক ষড়যন্ত্র। যার লক্ষ্য ছিলো অত্যন্ত সুদূর প্রসারি। ষড়যন্ত্রকারীদের লক্ষ্য ছিলো বাংলাদেশকে তার চেতনায়, মূল্যবোধে ও আদর্শে ঘুরিয়ে দেয়া। যা পূর্ণতা পায় স্বাধীনতা পরবর্তি সময়ে ও ১৯৭৫ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার মধ্য দিয়ে। বঙ্গবন্ধুসহ সকল বুদ্ধিজীবীরা স্বপ্ন দেখতেন বাংলাদেশ হবে একটি অসাম্প্রদায়িক চেতনার দেশ। এসময় উপাচার্য মহোদয় আরও বলেন, জাতির এ সূর্যসন্তানদের মত আমাদেরকেও মনে প্রাণে এআদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করতে হবে। এছাড়াও এদেশকে ভবিষ্যতে যারা সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে সেসকল তরুণদের মাঝে এ অসাম্প্রদায়িক চেতনা ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস পৌঁছে দিতে হবে। আর তাহলেই বুদ্ধিজীবীদের এ আত্মত্যাগ স্বার্থক হবে। আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। শিক্ষক সমিতির সভাপতি ড. মোঃ আবদুল কাইউমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ মোঃ আরিফ হোসেন, শেরে বাংলা হলের প্রাধ্যক্ষ আবু জাফর মিয়া, শিক্ষক সমিতির সহ-সভাপতি ড. বিজন কৃষ্ণ সাহা এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুরশীদ আবেদীন। বুদ্ধিজীবীদের সম্মানে আয়োজিত এ আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী। এছাড়াও দিবসটি উপলক্ষে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া এবং মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়